



Keyboard
Phonetic
Mouse

User Manual

User Manual

for

Avro Keyboard 3.1

Author: Mehdi Hasan

Revised Edition – 20th February, 2006
First Edition – 9th February, 2006

Avro Keyboard: <http://www.omicronlab.com/avrokeyboard/>
Online Forum: <http://www.omicronlab.com/forum/>
OmicronLab: <http://www.omicronlab.com/>
Author: mhasan@omicronlab.com


Copyright © OmicronLab. All Rights Reserved.




Instant Messaging এর সফটওয়্যারগুলোতে (যেমন, MSN Messenger, Yahoo! Messenger) আপনি অত্র কীবোর্ড ব্যবহার করে বাংলায় চ্যাট করতে পারেন! অত্র কীবোর্ড ৩.০.০ থেকে ফনেটিক পদ্ধতিতে বাংলা টাইপ করার সুবিধা থাকায় ব্যাপারটি এখন আপনার জন্য সত্যিকার অর্থেই অত্যন্ত সহজ!

MSN Messenger এ বাংলা চ্যাটঃ

১) প্রথমেই আপনার মেসেজ ফন্টটি পরিবর্তন করে একটি ইউনিকোড ভিত্তিক বাংলা ফন্ট বাছাই করুন। এভাবে আপনি একই মেসেজে বাংলা/English দুইই লিখতে পারবেন।



২) এবার অভ্র কীবোর্ড ব্যবহার করে বাংলায় লিখতে থাকুন, এটুকুই!



টিপস:

১) আপনার বন্ধুর কম্পিউটারে “Complex Language Support” ইন্সটল থাকা বাধ্যতামূলক নয়। তবে বাংলা ফন্টটি থাকতে হবে।


২) বাংলা লেখার সময় আপনি যদি শব্দ/বর্ণের মাঝখানে অনাকাঙ্ক্ষিত ফাঁকা জায়গা দেখতে পান যা Space না চাপতেই এসেছে এবং কোনভাবেই যাচ্ছে না, তবে বুঝবেন এটি এটি উইন্ডোজ অপারেটিং সিস্টেম এ RTF (Rich Text Format) এর একটি “ভৌতিক” বাগ (Bug), যদিও এর সমাধানটি খুব সহজ। একবার দাড়ি (“।”) লিখুন, সব ঠিক হয়ে যাবে, এমনকি দাড়ি মুছে ফেললেও! তবে কাজটি আপনাকে প্রতিবার সফটওয়্যারটি চালু করার পর অন্ততঃ একবার করতে হবে।

Yahoo! Messenger এ বাংলা চ্যাটঃ


এই নির্দেশিকাটি লেখার সময় পর্যন্ত Yahoo Messenger এ সরাসরি বাংলা লেখা যায়নি। তবে অত্র কীবোর্ড এর “Through Clipboard” মোডে বাংলা লেখা সম্ভব হয়েছে! এজন্য নিচের পদ্ধতি অনুসরণ করুনঃ

১) অত্র কীবোর্ডে “Global Key Generation Method” থেকে “Through Clipboard” বাছাই করুন।

২) Y! Messenger e আপনার মেসেজ ফন্টটি পরিবর্তন করে একটি ইউনিকোড ভিত্তিক বাংলা ফন্ট বাছাই করুন। এভাবে আপনি একই মেসেজে বাংলা/English দুইই লিখতে পারবেন।



৩) এবার অত্র কীবোর্ড ব্যবহার করে বাংলায় লিখতে থাকুন, এটুকুই!



টিপস:

১) আপনার বন্ধুর কম্পিউটারে “Complex Language Support” ইন্সটল থাকা বাধ্যতামূলক নয়। তবে বাংলা ফন্টটি থাকতে হবে।

২) বাংলা লেখার সময় আপনি যদি শব্দ/বর্ণের মাঝখানে অনাকাঙ্ক্ষিত ফাঁকা জায়গা দেখতে পান যা Space না চাপতেই এসেছে এবং কোনভাবেই যাচ্ছে না, তবে বুঝবেন এটি এটি উইন্ডোজ অপারেটিং সিস্টেম এ RTF (Rich Text Format) এর একটি “ভৌতিক” বাগ (Bug), যদিও এর সমাধানটি খুব সহজ। একবার দাড়ি (“।”) লিখুন, সব ঠিক হয়ে যাবে, এমনকি দাড়ি মুছে ফেললেও! তবে কাজটি আপনাকে প্রতিবার সফটওয়্যারটি চালু করার পর অন্ততঃ একবার করতে হবে।

ইন্টারনেটে IRC চ্যাটের জন্য আমি Unicode সাপোর্ট করে এমন কিছু সফটওয়্যার পেয়েছি, তবে ব্যবহার করে দেখার সুযোগ হয়নি। কেউ IRC তে অত্র কীবোর্ড দিয়ে বাংলা চ্যাট করে থাকলে অনুগ্রহ করে যোগাযোগ করবেন।

- মেহ্দি হাসান

mhasan@omicronlab.com

(06/02/2006)